তারিখ ... 18 APR 1988
পৃষ্ঠা ... ... 1 ... কলাম 7 ...



# নকলের দাবীতে বিপুল সংখ্যক ডিগ্রী ছাত্রের পরীক্ষা বর্জন

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল চুয়াডাঙ্গা সরকারী কলেজ কেন্দ্রে প্রায় পৌনে আট-শত ডিগ্রি পরীক্ষার্থীর মধ্যে মাত্র চারজন পরীক্ষা দিয়াছে। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সহিত যোগাযোগ করিলে তিনি জানান, নকলের সুবিধা নাই দেখিয়া বাকী পরীক্ষার্থীরা হলে যায় নাই। জেলার দর্শনা কেন্দ্রে গতকাল যথারীতি পরীক্ষা হইয়াছে।

পঞ্চগড় সংবাদদাতার ফোন: অবাধ নকলের উপর কোন নিয়ন্ত্রণ আরোপ না করায় গতকাল মকবুলুর রহমান সরকারী কলেজ কেন্দ্রে শান্তিপূর্ণভাবে ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। পরিক্ষার প্রথম দিনে ৯ জনকে বহিষ্কার করা হইয়াছিল।

বগুড়া প্রতিনিধির ফোন: নকল ধরাকে কেন্দ্র করিয়া গতকাল বগুড়া জেলা স্কুল উপকেন্দ্রে কিছু সংখ্যক পরীক্ষার্থী পরীক্ষা বর্জন করে। তাহারা কয়েকজন পরিদর্শককে মারধর করে। প্রায় একশত পরীক্ষার্থী সরকারী বালিকা বিদ্যালয় উপকেন্দ্রে গিয়া সেখানকার পরীক্ষার্থীদের বাহিরে আনার চেষ্টা করিলে পুলিশ ১৬ জনকে গ্রেফতার করিয়াছে। পরীক্ষা বর্জনকারীদের একটি অংশ শাহ সুলতান কলেজ কেন্দ্রে অনুরূপ ঘটনার চেষ্টা করিলে পুলিশ ৩ রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে। পরীক্ষা বর্জনকারীদের অপর অংশ সরকারী আজিজুল হক

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা বর্জন

( ১ম পৃঃ পর )

কেন্দ্রে যায়। সেখানে পরীক্ষা বর্জনকারীদের ইট-পাটকেলে তিনজন শিক্ষক ও দুইজন পুলিশ কনষ্টবল আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ এখানে ২ রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে। এব্যাপারে জেলা প্রশাসক এবং পুলিশ সুপার জানান, আগামীতে পরীক্ষা কেন্দ্রসমূহে আইন শৃঙ্খলা আরও জোরদার করা হইবে।

কুষ্টিয়া সংবাদদাতার ফোন: নকল করার সুযোগ দেওয়ার দাবীতে গতকাল কুষ্টিয়া সরকারী কলেজ কেন্দ্রে প্রায় ৪ শত পরীক্ষার্থী হলত্যাগ করিয়া চলিয়া যায়। তাহারা অন্যান্য পরীক্ষার্থীর উপর চাপ সৃষ্টি করিলে দুই দলে হাতাহাতি হয়। শেষ ঘন্টায় পরিদর্শকরা খাতা সংগ্রহ করিতে গিয়া ৩৯৮টি খাতার মধ্যে ১০৩টি খাতা পান।